

তারিখ 31 MAR 1987  
পৃষ্ঠা... কলাম...



## উপজেলা পরিক্রমা কাহালু

বগুড়া, ৩০ মার্চ (সংবাদদাতা)।— কাহালু উপজেলার মোট আয়তন ৯৩ বর্গমাইল। ইউনিয়নের সংখ্যা ৯টি, মৌজার সংখ্যা ১৬৬ ও গ্রামের সংখ্যা ২৫৪। এ উপজেলার মোট লোক সংখ্যা ১ লাখ ৪০ হাজার ২শ' ৯৪ জন। এর মধ্যে পুরুষ ৬৯ হাজার ৫শ' ৫৬ এবং মহিলা ৭০ হাজার ৭শ' ২৮ জন। লোক সংখ্যার ঘনত্ব ১৫৮০ জন।

### যোগাযোগ

যোগাযোগের দিক দিয়ে এ উপজেলাকে খুব একটা উন্নত বলা যায় না। ট্রেন এবং বাস কাহালু উপজেলার যোগাযোগ রক্ষা করে। এ উপজেলায় পাকা রাস্তার পরিমাণ ১১ মাইল, রেলপথ ৯ মাইল এবং কাঁচা রাস্তার পরিমাণ ২৬০ মাইল। হেরিং বন ৫ মাইল।

### কৃষি

কৃষক পরিবারের সংখ্যা ১৬ হাজার ৩শ' ৬৭ এবং ভূমিহীন কৃষকদের সংখ্যা ৭ হাজার ১৫ জন। মোট জমির পরিমাণ ৫৯ হাজার ৫শ' ২০ একর। এর মধ্যে আবাদযোগ্য জমির পরিমাণ ৪৭ হাজার ২শ' ২০ একর। অনাবাদী জমির পরিমাণ ১২ হাজার ৩শ' (এর মধ্যে স্কুল, মাদ্রাসা ও ঘরবাড়ী) একর। একফসলী জমির পরিমাণ ১০ হাজার একর। দু'ফসলী, তিনফসলী জমির পরিমাণ ১ হাজার ২শ' ২০ একর।

### শিক্ষা

এ উপজেলায় শিক্ষিতের হার ২৪%। সরকারী প্রাথমিক বিদ্যালয় ৭০টি, উচ্চ বিদ্যালয় (বালক) ১৩টি, উচ্চ বিদ্যালয় (বালিকা) ১টি, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ২টি, সিনিয়র মাদ্রাসা ৭টি, দাখিল মাদ্রাসা ৬টি এবং কলেজ ১টি।

### স্বাস্থ্য

উপজেলা সদরে ৩১ শয্যাবিশিষ্ট একটি হাসপাতাল রয়েছে। প্রতিদিন হাসপাতালের বহির্বিভাগে প্রচুর রোগীর সমাগম হয়। তবে রোগীরা এ হাসপাতাল থেকে প্রয়োজনের তুলনায় ওষুধ পায় না। এছাড়া আন্তঃবিভাগের রোগীরা দীর্ঘদিন পানি কষ্টে ভুগছে। এ হাসপাতালের আওতায় ৪টি দাতব্য চিকিৎসা কেন্দ্র রয়েছে।

### অন্যান্য

পরিবার পরিকল্পনা ক্লিনিক ৫টি, উপজেলা পশু চিকিৎসালয় ১টি, কৃত্রিম প্রজনন কেন্দ্র ৪টি, হাট বাজারের সংখ্যা ২২টি। সোনালী ব্যাংক শাখা ২টি, রূপালী ব্যাংক ১টি, কৃষি ব্যাংক শাখা ৪টি, মসজিদ ২৯৫টি, মন্দির ১টি ও গভীর নলকূপের সংখ্যা ২১৪। কৃষক সমবায় সমিতির সংখ্যা ১৫২। ভূমিহীন ৬টি, মহিলা সমবায় সমিতি ২টি, পুরুষ সমবায় সমিতি ৮টি, তত্ত্বাবধায় সমবায় সমিতি ৭টি ও ডাকঘর ৬টি।